

## নির্দিষ্টকরণ আইন, ২০০৫

২০০৫ সনের ১৭ নং আইন

[৩০ জুন, ২০০৫]

২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।

যেহেতু ২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা ও  
প্রবর্তন

১। (১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০০৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা জুলাই, ২০০৫ইং তারিখে কার্যকর হইবে।

২০০৫-০৬ অর্থ  
বৎসরের জন্য সংযুক্ত  
তহবিল হইতে  
৮১৪২৭,৮৩,৭৫,০০০  
টাকা প্রদান

২। ২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত একাশি হাজার চারশত সাতাশ কোটি তিরিশি লক্ষ পঁচাত্তর হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।